



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১১৪৯২৩/ময়মনসিংহ-৩১৭/৬৬২৮/২

তারিখ: ২৫, ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
৩০, মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: সহকারি মৌলভী জনাব মো: আ: কুদ্দুস খান-কে স্ব-পদে বহাল প্রসঙ্গে

- সূত্র: ১) নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১১৪৯২৩/ময়মনসিংহ-৩১৭/৩৩০৪/৯; তারিখ: ১৪/০৮/২০১৯ খ্রি.
২) উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪৫.৬১২০.০০০.৪১.০০২.১৯-৮৯৫; তারিখ: ০৮/১২/২০১৯
৩) নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-৩১৭/৩৪৮২; তারিখ: ১৬/০১/২০২০ খ্রি.
৪) নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-৩১৭/৩৫৫৬/৩; তারিখ: ২৬/০৮/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ফুলবাড়িয়া উপজেলাধীন মজর আলী আকন্দ দাখিল মাদ্রাসার সহকারি মৌলভী জনাব মো: আ: আব্দুল কুদ্দুস খান (সাময়িক বরখাস্তকৃত) ম্যানেজিং কমিটির বিরুদ্ধে অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে উল্লেখ করেন-তিনি প্রথম জুনিয়র শিক্ষক হিসেবে বিগত ১৭/১১/১৯৯৪খ্রি: তারিখে নিয়োগপ্রাপ্ত হয়ে বিগত ১২/০৮/১৯৯৯খ্রি: তারিখে সহকারি মৌলভী হিসেবে সঠিকভাবে দায়িত্ব পালন করেন। উক্ত মাদ্রাসার ম্যানেজিং কমিটি বিগত ০৮/০৮/২০১১ খ্রি: তারিখে তাকে সম্পূর্ণ অন্যায়, বে-আইনী এবং বিধি বহির্ভূতভাবে সাময়িক বরখাস্ত করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়িয়া, ময়মনসিংহকে পত্র দেয়া হয়।

তদন্তকারী কর্মকর্তা ২নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন। তিনি উল্লেখ করেন-সকল কাগজপত্র যাচাই করে প্রতীয়মান হয় যে, অভিযোগকারী জনাব মো: আ: কুদ্দুস খানকে বিধি বহির্ভূতভাবে সাময়িক বরখাস্ত করা হয়েছে তা প্রাথমিক সত্যতা পাওয়া গেছে। তদপ্রেক্ষিতে তাকে স্বপদে বহাল করে বোর্ডকে অবহিত করাসহ কেন অনিয়মতান্ত্রিকভাবে দীর্ঘদিন সাময়িক বরখাস্ত রাখা হয়েছে সে বিষয়ে সূত্রোক্ত ৩নং স্মারকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর জবাব পর্যালোচনায় দেখা যায়, উক্ত বিষয় সম্পর্কে কোন বক্তব্য নেই। পরবর্তীতে সূত্রোক্ত ৪নং স্মারকে সাময়িক বরখাস্ত সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের জন্য সভাপতি ও মাদ্রাসা প্রধানকে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের আলোকে অদ্যবধি জবাব প্রেরণ করা হয়নি।

বর্ণিত অবস্থায় তদন্তকারী কর্মকর্তার মতামত ও সূত্রোক্ত ৩নং স্মারকে বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক সহকারি মৌলভী জনাব মো: আ: কুদ্দুস খান পত্র জারির পর থেকে স্বপদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: ০৭/০৭/২০২০ খ্রি. তারিখের কপি।


০৬.০৬.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: ১। সভাপতি/কমিটির সদস্যবৃন্দ, মজর আলী আকন্দ দাখিল মাদ্রাসা

ডাকঘর: বাকতা, উপজেলা: ফুলবাড়িয়া, জেলা: ময়মনসিংহ;

২। সুপার/ভারপ্রাপ্ত সুপার, মজর আলী আকন্দ দাখিল মাদ্রাসা

ডাকঘর: বাকতা, উপজেলা: ফুলবাড়িয়া, জেলা: ময়মনসিংহ;

৩। জনাব মো: আ: কুদ্দুস খান, সহকারি মৌলভী, মজর আলী আকন্দ দাখিল মাদ্রাসা

গ্রাম: ধামর, ডাকঘর: ধামর, উপজেলা: ফুলবাড়িয়া, জেলা: ময়মনসিংহ।

নং- বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১১৪৯২৩/ময়মনসিংহ-৩১৭/৬৬২৮/২

তারিখ: ২৫, ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
৩০, মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০;
২. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
৩. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ;
৪. উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়িয়া, ময়মনসিংহ;
৫. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রনী/জনতা ব্যাংক লি:..... শাখা, ফুলবাড়িয়া, ময়মনসিংহ;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়িয়া, ময়মনসিংহ;
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।


০৬/০৬/২০২১

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd